



সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১
উল্লাপাড়া আর/এস, সিরাজগঞ্জ।

তারিখ: ১১ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২৭ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ২৭.১২.৮৮৯৪.৫০৯.০২.০০৮.২৩.৬২৫

“নিয়োগ বিজ্ঞপ্তি”

সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিম্নবর্ণিত শূন্যপদে স্থায়ী ভিত্তিতে নিয়োগের লক্ষ্যে প্যানেল প্রস্তুতের নিমিত্ত যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী পুরুষ নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম ও সংখ্যা	বেতন ও অন্যান্য ভাতা	প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা	যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না।
ড্রাইভার, পদ সংখ্যা-০১ টি।	পবিস বেতন কাঠামো-২০১৬ (সংশোধিত-২০২১) মোতাবেক ১৬,৬০০.০০ -৪১,৯৫০.০০ টাকা এবং নিয়মানুযায়ী বাড়ি ভাড়া, চিকিৎসা ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।	(ক) প্রার্থীকে সাবলীলভাবে বাংলা পড়তে ও লিখতে সক্ষম হতে হবে। ইংরেজী শব্দ ও সংখ্যা গণনা এবং পড়তে জানতে হবে। নির্দেশিকা, সাংকেতিক চিহ্ন বুঝা, পূর্ণ প্রতিবেদন ও সময়সূচী পড়ার পর্যাপ্ত সামর্থ্য এবং লগবই পুরণে সক্ষমতা থাকতে হবে। (খ) প্রার্থীর বিআরটিএ কর্তৃক প্রদত্ত বৈধ হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স (হালকা) অবশ্যই থাকতে হবে এবং হালনাগাদ ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। (গ) প্রার্থীর যেকোন সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/ বৃহৎ শিল্প/ বাণিজ্যিক প্রতিষ্ঠানে ০৫(পাঁচ) বৎসরের গাড়ি চালনা ও রক্ষণাবেক্ষণ কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে (যা ড্রাইভিং লাইসেন্স ইস্যুর তারিখ হতে গণ্য হবে)। (ঘ) বিগত ০৩(তিন) বছরে বড় ধরনের কোন দুর্ঘটনা ঘটে নি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়নপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে। (ঙ) প্রার্থীকে সং, বিশুদ্ধ, নম্র এবং উত্তম চরিত্রের অধিকারী হতে হবে। প্রার্থীর সুন্দর শারীরিক গঠন ও সুঠাম স্বাস্থ্য থাকতে হবে। (চ) বাপবিবো/পবিস কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় যানবাহন চালনা, ছোট ধরনের ইঞ্জিন রিপারিং, টিউনআপ, সাধারণ রক্ষণাবেক্ষণ জ্ঞান সম্পর্কে যাচাই করা হবে। (ছ) পবিস/বাপবিবোর্ডের অনুমোদিত ডাক্তার কর্তৃক স্বাস্থ্যগত ও চক্ষু পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। (জ) ১৭/১১/২০২৪ খ্রীঃ তারিখে প্রার্থীর বয়স সর্বনিম্ন ১৮ বছর থেকে সর্বোচ্চ ৪৫ বছরের হতে হবে।	সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ভৌগলিক এলাকা অর্থাৎ সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া, শাহজাদপুর, রায়গঞ্জ, তাড়াশ উপজেলার সকল ইউনিয়ন এবং চৌহালী উপজেলার হাটঘোরজান ও স্থল ইউনিয়নের স্থায়ী বাসিন্দাগণের আবেদন করার প্রয়োজন নাই।

শর্তাবলী:

০১. উল্লেখিত পদে নিয়োগলাভে আগ্রহী প্রার্থীগণকে সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েবসাইট (www.pbs1.sirajganj.gov.bd) অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েবসাইট (www.reb.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) A-4 সাইজের কাগজে প্রবেশপত্র সহ ০৪ পৃষ্ঠা ডাউনলোড অথবা সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর হতে সরাসরি সংগ্রহপূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ১৭/১১/২০২৪ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সিনিয়র জেনারেল ম্যানেজার, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১, উল্লাপাড়া আর/এস, সিরাজগঞ্জ বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে আবেদনপত্র পৌছাতে হবে (সরাসরি বা হাতে হাতে আবেদন গ্রহণযোগ্য হবে না)। ওয়েবসাইটে প্রদানকৃত নির্ধারিত আবেদন ফর্ম ব্যতীত সাদা কাগজে/টাইপকৃত কাগজে এবং বিলম্বে প্রাপ্ত কোন আবেদন পত্র গ্রহণযোগ্য হবে না। আগ্রহী প্রার্থীগণকে উক্ত ওয়েবসাইটে প্রকাশিত সকল শর্তাবলী অনুযায়ী আবেদন ফরম ডাউনলোড পূর্বক যথাযথভাবে পূরণ করে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। খামের উপর অবশ্যই বড় অক্ষরে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।

০২. প্রার্থীকে আবেদনপত্রে নিয়োক্ত কাগজপত্রাদি প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (সম্পূর্ণ নাম ও সীলযুক্ত) করে সংযুক্ত করতে হবেঃ

- শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি (মার্কশীট/প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়);
- বৈধ এবং লেমিনেটেড ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি;
- জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি;
- স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব ও চারিত্রিক সনদপত্র/সনদপত্রের সত্যায়িত কপি।
- ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
- সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি। (০১ কপি ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে ও ০১ কপি ছবি প্রবেশপত্রের নির্ধারিত স্থানে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর প্রথম শ্রেণীর কর্মকর্তার নাম, আইডি সম্বলিত সীল দ্বারা সত্যায়িত করতে হবে এবং ০১ কপি ছবি সত্যায়িত করে স্ট্যাপলার পিন দ্বারা আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে);
- বাংলাদেশের যে কোন তফসিলি ব্যাংক হতে সিনিয়র জেনারেল ম্যানেজার, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ -এর অনুকূলে ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে। পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।
- ১৭/১১/২০২৪ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স সর্বনিম্ন ১৮ বছর থেকে সর্বোচ্চ ৪৫ বছরের হতে হবে।
- অসম্পূর্ণ আবেদনপত্র, নির্ধারিত আবেদনপত্র যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা

প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদনপত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সে ক্ষেত্রে “প্রযোজ্য নয়” উল্লেখ করতে হবে।

০৫. প্রার্থী কর্তৃক তার ডাইভিং লাইসেন্স, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদন পত্রের অন্যান্য যে কোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতি প্রমাণিত হলে তার প্রার্থীতা বাতিল করা হবে।

০৬. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের স্বাস্থ্য ও দৃষ্টিশক্তি পরীক্ষা পবিসের মনোনীত ডাক্তার দ্বারা সম্পন্ন করা হবে। অতঃপর সকল পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের সমন্বয়ে চূড়ান্ত প্যানেল প্রস্তুত করা হবে।

০৭. চূড়ান্ত প্যানেল হতে মেধাক্রম অনুযায়ী নিয়োগপত্র ইস্যু করা হবে। বর্ণিত পদের জন্য যে কোন ধরনের তদবির প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচিত হবে।

০৮. সকল পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদেরকে অবশ্যই মূল ডাইভিং লাইসেন্স, শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদ পত্রের মূলকপি নিয়োগ কমিটির নিকট প্রদর্শন করতে হবে।

০৯. চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য "অন-প্রবেশনে" নিয়োগ প্রদান করা হবে। অন-প্রবেশনকালে অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে সমিতির নিজস্ব বেতন কাঠামোর আওতায় নির্ধারিত বেতন কাঠামোতে নিয়মিত করা হবে। "অন-প্রবেশন" কাল সর্বোচ্চ ০৬(ছয়) মাস বর্ধিত হতে পারে যা ০২ (দুই) বারের বেশি হবে না। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থী যোগদানের সময় স্থানীয় সিভিল সার্জন/শ্রীকৃত মেডিকেল অফিসার/পবিসের রিটেইনার চিকিৎসকের এবং স্বীকৃত চক্ষু বিশেষজ্ঞের নিকট হতে স্বাস্থ্যগত সার্টিফিকেট (Dope Test Report সহ) দাখিল করতে হবে।

১০. সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও পবিসের কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কারও আবেদন করার প্রয়োজন নেই। তথ্য গোপন করে রক্ত সম্পর্কীয় কেউ আবেদন করলে যদি তা উদ্ঘাটিত হয় তবে তা পরবর্তীতে যে কোন পর্যায়ে তার প্রার্থীতা/নিয়োগ কোন কারণ ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বাতিল করা হবে।

১১. প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দেয়া হলে অথবা কোন তথ্য গোপন রাখলে যদি তা পরবর্তীতে উদ্ঘাটিত হয় তাহলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

১২. সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। কর্তৃপক্ষের মাধ্যম ছাড়া আবেদন করা হলে তা বাতিল বলে গণ্য হবে।

১৩. নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিধি-বিধান সর্বশেষ সরকারি নির্দেশনা অনুযায়ী যথাযথভাবে প্রতিপালন করা হবে।

১৪. প্রার্থীকে বাংলাদেশের যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

১৫. অন্য কোন সংস্থা অথবা কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের উক্ত পদে আবেদন করার প্রয়োজন নেই। প্রতারণা বা তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হওয়ার পর পরবর্তীতে যদি তা উদ্ঘাটিত হয় তাহলে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে কোন ধরনের তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬. প্রাপ্ত আবেদনসমূহের প্রাথমিক যাচাই-বাছাইয়ে উত্তীর্ণ প্রার্থীদের নিয়োগ পরীক্ষা যে তারিখে অনুষ্ঠিত হবে তা আবেদনকারীকে ডাকযোগে প্রেরিত প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে। এছাড়াও পুরণকৃত ফরমে প্রদত্ত মোবাইল ফোন নম্বরে SMS এর মাধ্যমে জানানো হবে।

১৭. নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

২৭-১০-২০২৪

আবু আশরাফ মোঃ ছালেহ
সিনিয়র জেনারেল ম্যানেজার
০১৭৬৯৪০০০৭৪ (ফোন)
০৭৫২৯-৫৬১৭২ (ফ্যাক্স)
sirajpbs@yahoo.com

নম্বর: ২৭.১২.৮৮৯৪.৫০৯.০২.০০৮.২৩.৬২৫/১ (১২)

তারিখ: ১১ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২৭ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি ও বিজ্ঞপ্তি বহল প্রচারের নিমিত্ত আপনার নোটিশ বোর্ডে টানানোর ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড;
- ২। পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড;
- ৩। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উত্তর অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড;
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);

- ৫। একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড;
৬। জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত), জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ;
৭। পুলিশ সুপার, পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, সিরাজগঞ্জ;
৮। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার (সকল পবিস);
৯। সিরাজগঞ্জ পবিস-১ এর সকল অফিসার;
১০। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), সিরাজগঞ্জ পবিস-১।(অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের নির্দেশসহ);
১১। নোটিশ বোর্ড/ওয়েব সাইট (www.pbs1.sirajganj.gov.bd), সিরাজগঞ্জ পবিস-১ এবং
১২। অফিস কপি/মাস্টার কপি।



২৭-১০-২০২৪

আবু আশরাফ মোঃ ছালেহ
সিনিয়র জেনারেল ম্যানেজার